



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

GazipurPalliBidyut samity-2

সদর দপ্তর

রাজেন্দ্রপুর, গাজীপুর

টেলিফোন : ০২-৯২০১৭৮৩

E-mail: gazipbs2@gmail.com

Web: pbs2.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩৩০.৫৭৭.০৭.০২২.২৪. ২৭৫৭

তারিখ-২৯/০৮/২০২৪খ্রিঃ।

জরুরী নোটিশ

বিষয়ঃ- বিতরন লাইন নির্মাণ ও রক্ষণাবেক্ষনের লক্ষ্যে প্রকাশিত বিজ্ঞপ্তির অনুযায়ী কাগজ পত্র জমা প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং-২৭.১২.৩৩৩০.৫৭৭.০৭.০২৩.২৪.২৫৭৯, তারিখ-১২/০৮/২০২৪খ্রিঃ।

২) স্মারক নং-২৭.১২.৩৩৩০.৫৭৭.০৭.০২২.২৪.২৭৩৯, তারিখ-২৯/০৮/২০২৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্নিত সুত্রানুযায়ী প্রদানকৃত দরপত্র বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্যাকেজ নং-২৪/১৫ হতে ২৪/২২ পর্যন্ত ০৮ টি প্যাকেজের বিপরীতে গত ২৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহন এবং ১২:৩০ ঘটিকায় দরপত্র উন্মোক্তকরণ করা হয়।

নবায়ন উন্মোক্ত করে ০৮টি প্যাকেজের বিপরীতে মোট ৮৩টি দরপত্র জমা হয়। যা যাচাই বাছাই পূর্বক লটারীর মাধ্যমে সর্বনিম্ন দরদাতা নির্ধারণের লক্ষ্যে ২ নং সুত্রানুযায়ী আগামী ০২/০৯/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকায় সময়সীমা নির্ধারণ করা হয়।

নির্ধারিত সময়সীমায় লটারী অনুষ্ঠানের উদ্দেশ্যে দাখিলকৃত দরপত্র সমূহ যাচাই বাছাই করে দেখা যায় দরপত্র বিজ্ঞপ্তির ১৩ নং শর্তানুযায়ী নিম্নোক্ত নির্দেশনা উল্লেখ ছিলঃ

১৩। ২০২৪-২৫ অর্থ বছরের নবায়ন প্রক্রিয়া জুন'২৪ এ সম্পন্ন হওয়ায় দরপত্র দাখিলের সময় দরপত্র দলিলের সহিত চলতি ২০২৪-২৫ অর্থ বছরের হালনাগাত ড্রেড লাইসেন্স, ঠিকাদারী প্রতিষ্ঠানের লাইসেন্স, সুপারভাইজারী লাইসেন্স এবং ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার কাজ করার লক্ষ্যে কমপক্ষে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার ব্যাংক ব্যালেন্স সহ ব্যাংক স্ট্যাটমেন্ট এর মূল কপি জমা দিতে হবে। উক্ত কপি জমা ব্যতিত অথবা ভূয়া/মিথ্যা ডকুমেন্ট দাখিল করলে অথবা কোন প্রতিষ্ঠানের ডকুমেন্ট সমূহ হালনাগাত না থাকলে তাদের কার্যাদেশ প্রদান করা হবে না।

উল্লিখিত নির্দেশনা অনুযায়ী জমাকৃত ৮৩ টি দরপত্রের মধ্যে বেশ কিছু প্রতিষ্ঠান বর্নিত নির্দেশনা অনুযায়ী কোন কাগজ সংযুক্ত করেন নাই। এ-ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানসমূহকে ০১/০৯/২৪ খ্রিঃ অফিস টাইমের মধ্যে কাগজ-পত্র সমূহ রিসিভিং এর মাধ্যমে জমা প্রদানের জন্য সুযোগ প্রদান করা হলো।

নির্ধারিত সময়সীমার মধ্যে বিজ্ঞপ্তি অনুযায়ী যাবতীয় কাগজ জমা প্রদান না করা হলে বর্নিত প্রতিষ্ঠান সমূহ লটারী অনুষ্ঠান হতে বাদ যাবে।

“বিষয়টি অতীব জরুরী।”

অনুলিপিঃ

১। নোটিশ বোর্ড।

(প্রেক্ষীঃ মোঃ গোলাম মোস্তফা)

সিনিয়র জেনারেল ম্যানেজার

(প্রেক্ষীঃ সুকুমার চৌধুরী)

ডিজিএম(সদর-কারিগরী)